



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০
www.badc.gov.bd

স্মারক নং: ১২.২২১.০১৪.০১.০০.০০৬.২০১৪-৩৯৬

তারিখ: ২৫ জানুয়ারি ২০১৫।

পরিপত্র

বিষয়: পরিদর্শন প্রতিবেদন দাখিল।


বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)র মাঠ পর্যায়ে প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রমের মাধ্যমে কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। এ সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য মনিটরিং কার্যক্রম জোরদার করণের লক্ষ্যে সংস্থা কর্তৃক একাধিক মনিটরিং টিম গঠন করা হয়েছে। তাছাড়া সদস্য পরিচালক ও বিভাগীয় প্রধানদের নিজ নিজ উইং/বিভাগের মনিটরিং কার্যক্রম জোরদার ও সংশ্লিষ্ট বিষয়ে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের কর্মস্থলে নিয়মিত উপস্থিতি ও তদারকি কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে অধিকতর তৎপর হওয়ার জন্য ইতোমধ্যে নির্দেশনা প্রদান করা হয়েছে। মাঠ পর্যায়ে সংস্থার কার্যক্রম সুষ্ঠুভাবে মনিটরিং ও পরিদর্শন প্রতিবেদন দাখিলের জন্য নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো:

(ক) বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ ও পরিদর্শন কমিটিকে কার্যক্রম পরিদর্শন শেষে মনিটরিং বিভাগের পরিদর্শন প্রতিবেদন ছক অনুযায়ী পনের (১৫) দিবসের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।

(খ) ভ্রমণ বিবরণী অনুযায়ী পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির বিষয়টি সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্মকর্তা নিশ্চিত করবেন।

(গ) পরিদর্শন প্রতিবেদন দাখিল সাপেক্ষে সংশ্লিষ্ট কর্মকর্তা বিধি মোতাবেক টিএ/ডিএ প্রাপ্য হবেন।

০২. সংস্থার স্বার্থে আদিষ্ট হয়ে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(মো: দেলওয়ার হোসেন)

সচিব

বিএডিসি, ঢাকা।

ফোন নম্বর-৯৫৬৪৩৫৯

e-mail: secretary@badc.gov.bd

বিতরণ:

০১. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা/স্ক্রুসেচ/অর্থ/বীজ ও উদ্যান), বিএডিসি, ঢাকা।

০২. সুমন্দ পানি.....হীরা.....নিস্বিন.....সকল বিভাগীয় প্রধান, বিএডিসি, ঢাকা।

(সকল কর্মকর্তাকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।)

০৩., সকল পরিদর্শন কমিটি প্রধান, বিএডিসি, ঢাকা।

০৪. চেয়ারম্যান, বিএডিসি'র একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।